তারিখ ... 23 SEP 1991
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

৯৫

# চট্টগ্রাম ভার্সিটি : বিকম পরীক্ষায় ফেলের হার ৮১·২ ভাগ

চট্টগ্রাম, ২২শে সেপ্টেম্বর (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আজ বিকম পাস পরীক্ষার ফল ঘোষণা করেছে। চলতি বছরের জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

(৫–এর পৃঃ দ্রঃ)

**চট্টগ্রাম** (প্রথম পৃঃ পর)

মোট ৬ হাজার ৭৬৪ জন নিয়মিত পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ গ্রহণ করে। এর মধ্যে এক হাজার ১৪৩ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ১৮ দশমিক ৮ ভাগ। ফেলের হার ৮১ দশমিক ২ ভাগ। কেউ প্রথম বিভাগ পায়নি। ৯৯ জন পরীক্ষার্থী দ্বিতীয় বিভাগ ও এক হাজার ৪৪ জন পরীক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। ২৬৫ জন অনিয়মিত পরীক্ষার্থীর মধ্যে ২৮ জন পাস করেছে। ৬ জন দ্বিতীয় বিভাগ ও ২২ জন তৃতীয় বিভাগ পেয়েছে। পাসের হার ১০ দশমিক ৫ ভাগ।

১৯৮৯ সালের সাপ্লিমেন্টারী পরীক্ষায় ২৮০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৫৬ জন পাস করেছে। পাসের হার ৫৫ দশমিক ৭ ভাগ।

বিশ্ববিদ্যালয়ের অধীন ৮৫টি কলেজের মধ্যে ১৭টি কলেজের কোন পরীক্ষার্থীই পাস করেনি।

21